# রাবি সংস্কারে ১২৫ দফা প্রস্তাবনা শিবিরের, তিন দিনের মধ্যে রোডম্যাপ আহ্বান

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৮:৩১, ২২ জুন ২০২৫; আপডেট: ১৮:৩২, ২২ জুন ২০২৫



ছবিঃ সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) বিভিন্ন খাতে সংস্কারের দাবিতে ১২৫ দফা প্রস্তাবনা দিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির। প্রস্তাবনাগুলো বাস্তবায়নে

বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে তিন দিনের মধ্যে সুস্পষ্ট রোডম্যাপ ঘোষণার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

রবিবার (২২ জুন) দুপুরে বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি তুলে ধরেন তারা। পরে বিশ্ববিদ্যালয় উপাচার্যের নিকট একটি লিখিত স্মারকলিপি হস্তান্তর করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতি মোস্তাকুর রহমান জাহিদ। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, আবাসন, স্বাস্থ্য, নিরাপত্তা ও প্রশাসনিক কাঠামোর মতো মোট ২০টি খাতে এই ১২৫ সংস্কার প্রস্তাবনা দিয়েছে শিবির। উল্লেখযোগ্য দাবিগুলোর মধ্যে রয়েছে—দীর্ঘমেয়াদি একাডেমিক মাস্টারপ্ল্যান প্রণয়ন, পাঠ্যক্রমে আন্তর্জাতিক মান নিশ্চিতকরণ, শিক্ষক নিয়োগে স্বচ্ছতা ও মেধার ভিত্তিতে অগ্রাধিকার, আবাসন সমস্যার স্থায়ী সমাধান, হলে নিরাপদ খাদ্য, বিশুদ্ধ পানি ও ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণ, চিকিৎসাকেন্দ্র আধুনিকায়ন ও ওয়ার্ড চালু, রাকসু নির্বাচন ও ছাত্রসংসদ কার্যক্রম চালু, যৌন নিপীড়ন প্রতিরোধে কার্যকর ব্যবস্থা, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুবিধা, এবং অন-ক্যাম্পাস চাকরির সুযোগ সৃষ্টি।

সংবাদ সম্মেলনে রাবি শিবিরের সেক্রেটারি মুজাহিদ ফয়সাল বলেন, জুলাইয়ের পর নতুন প্রশাসন দায়িত্ব নিলেও এখনও পর্যন্ত কোনো দৃশ্যমান সংস্কার চোখে পড়েনি। ১০ মাস পার হলেও প্রশাসনের ভূমিকা মূলত দায়সারা পর্যায়েই থেকে গেছে। এই প্রেক্ষাপটে আমরা বাস্তবভিত্তিক সংস্কার প্রস্তাবনা তুলে ধরেছি এবং আগামী তিন দিনের মধ্যে রোডম্যাপ প্রকাশের দাবি জানাচ্ছি।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন—দপ্তর সম্পাদক হাফেজ মেহেদী হাসান, প্রচার সম্পাদক নওশাজ্জামান প্রমুখ।